

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
২৩২/১ তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

নং: ৩৮.৩৯৯.০২৫.০০.০০.০৭৪.২০১৫- ২৯২ (৮০)


২১ জ্যৈষ্ঠ ১৪২২
তারিখ: ৪ জুন ২০১৫

বিষয়: মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর জেলা ভিত্তিক মাস্টার ট্রেইনার এর তালিকা প্রণয়নের জন্য দরখাস্ত আহ্বান বিজ্ঞপ্তি।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় বাস্তবায়নায়ী 'মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)' এর শিক্ষা কেন্দ্রের শিক্ষক ও সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে দেশের ৬৪ জেলায় প্রতি জেলার জন্য ২০ (বিশ) জন মাস্টার ট্রেইনার এর তালিকা প্রণয়ন করা হবে। মাস্টার ট্রেইনার হিসাবে দায়িত্ব পালন করতে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে জীবন বৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ কে সম্বোধন করে আবেদন পত্রে প্রার্থীকে (১) বাংলা ও ইংরেজিতে নাম, (২) পিতা/স্বামীর নাম, (৩) মাতার নাম, (৪) স্থায়ী ঠিকানা, (৫) বর্তমান ঠিকানা, (৬) বর্তমান কর্মস্থলের ঠিকানা (চাকুরিরত হলে), (৭) জন্ম তারিখ, (৮) জাতীয়তা, (৯) শিক্ষাগত যোগ্যতা, (১০) অভিজ্ঞতা, (১১) ফোন/মোবাইল নম্বর, (১২) ই-মেইল নম্বর উল্লেখ করে সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, কালেক্টরেট ভবন/জেলা পরিষদ ভবন এর বরাবরে দাখিল করতে হবে। আবেদন পত্রের সাথে সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

শর্তাবলী:

- ১। প্রার্থীকে কমপক্ষে স্নাতক পাশ হতে হবে।
- ২। সরকারী/বেসরকারী পর্যায়ে উপানুষ্ঠানিক শিক্ষা কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
- ৩। ইতিপূর্বে যারা উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে কোর ট্রেইনার/মাস্টার ট্রেইনার হিসেবে দায়িত্ব পালন করেছেন তাঁদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৩। আগ্রহী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই সুপার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, পিটিআই ইন্সট্রাক্টর, সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ আবেদন করতে পারবেন।
- ৪। সরকারী/বেসরকারী কলেজের শিক্ষকগণকে মাস্টার ট্রেইনার এর তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে।
- ৫। প্রার্থীকে জেলার যে কোন স্থানে দায়িত্ব পালনে প্রস্তুত থাকতে হবে।
- ৬। আবেদন পত্র আগামী ৭ জুলাই ২০১৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি দাখিল করতে হবে।


(মো: শাফিকুল ইসলাম)
প্রকল্প পরিচালক

মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

বিতরণ:

সদয় অবগতির জন্য:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা পরিবীক্ষণ ইউনিট/সমাজ সেবা অধিদপ্তর/যুব উন্নয়ন অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা (বিজ্ঞপ্তিটি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'লো)।
- ৪। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে বিজ্ঞপ্তিটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'লো)।
- ৫। সহকারী পরিচালক(সকল), জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, কালেক্টরেট ভবন/জেলা পরিষদ ভবন(তাঁকে বিজ্ঞপ্তিটির বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)।
- ৬। নোটিশ বোর্ড।
- ৭। সংরক্ষণ নথি।